

অদিতি কোনও কবিতা

অদিতি যদি কোনও কবিতা হত' ॥

এভাবেও কি জন্ম দেওয়া যায় ?

আচ্ছন্ন অনির্বাণ আর....

জীবনের ফেলে আসা রূপকথার ফুলশয্যা

এভাবেও কি জন্ম দেওয়া যায় ?

যদি অদিতি কোনও কবিতা হত' !

আমার রক্ত দিয়ে রাঙানো আধুলি

বিক্রি করে দিত হাজার ডলার ।

যদি অদিতি কোনও কবিতা হত'.....।

রুদ্ধশ্বাস রুদ্ধ কণ্ঠ -

আঢ়র্ষ জিহ্বা - উন্নত প্রাণ -

সময় শুধু অঙ্কের হিসাব ॥

অদিতি -

অদিতি যদি ॥

ঘুমাও ..

ঘুমাও অদিতি ঘুমাও ।

শিশিরের হাত ধরে - পাতাঝরা গান

- আর ঘুম পাড়ানি বিকেল -

তবু তো আমার মতো রক্তাক্ত নও তুমি -

ঘুমাও.... অদিতি ঘুমাও

তুমি তো কোনও কবিতা নও - ॥

Amitava Bag

01/Nov/2012